# COURSE OUT COME PROGRAMME OUT COME

PROGRAMME OUT COME:

**প্রথম ষণ্মাস** (Semester I)

MC-01: **বাংলা সাহিত্যের ইতিহাসঃ প্রাচীন ও মধ্য যুগ**

প্রথম ষণ্মাসে বিদ্যার্থীদের সাহিত্যের প্রস্তুতি পাঠদান করাই লক্ষ্য। এই এককে সাহিত্যের ইতিহাস কাকে বলে, বাংলা সাহিত্যের জন্মের দেশ-কাল-প্রেক্ষিত সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়া হয়। সাহিত্যের যুগ বিভাজন এবং প্রতিটি যুগের বিশেষত্ব সম্পর্কে ধারণা দেওয়া হয়। বাংলা সাহিত্যের সঙ্গো সংস্কৃত ও বিদেশি ভাষার সাহিত্যের যোগসূত্র এবং সাহিত্যের ও সমাজে ধর্মের স্থান সম্পর্কে ধারণা গড়ে ওঠে।

MC-02: **ভাষাতত্ত্ব**

ব্যাকরণের সঙ্গো ভাষাতত্ত্বের পরিভাষাগত পরিচয় এবং বাংলা ভাষা জন্ম থেকে ভারতীয় তথা পৃথিবীর ভাষার সঙ্গো বাংলা ভাষার সম্পর্ক বিষয়ে প্রাথমিক ধারণা গড়ে উঠবে।

MDC-1: **বাংলা লোকসংস্কৃতি ও লোকসাহিত্য**

এই এককটি মেজর বাংলা বিষয় ব্যতীত অন্যান্য মেজর বিষয়ের শিক্ষার্থীদের জন্য। এই এককটি পাঠ করলে লোকসাহিত্য কাকে বলে এবং বাংলা সাহিত্য কত বিচিত্র লোকসাহিত্য আছে এবং তাদের সামগ্রিক পরিচয় সম্পর্কে জানা যাবে।

MnC-1: **বাংলা সাহিত্যের ইতিহাস ও সাহিত্য পাঠ**

এই এককটি মেজর বাংলা বিষয় ব্যতীত অন্যান্য মেজর বিষয়ের শিক্ষার্থীদের প্রথম মাইনর বিষয়  এই এককে সাহিত্যের ইতিহাস কাকে বলে, বাংলা সাহিত্যের জন্মের দেশ-কাল-প্রেক্ষিত সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়া হয়। সাহিত্যের যুগ বিভাজন এবং প্রতিটি যুগের বিশেষত্ব সম্পর্কে ধারণা দেওয়া হয়।

SEC-1:**বাণিজ্যিক গদ্য রচনার বিভিন্ন প্রকার**

এই এককটি মেজর বাংলা বিষয়ের শিক্ষারথীদের জন্য। এই এককটি পাঠ করলে আধুনিক সময়ের উপযোগী ইন্টারনেট মাধ্যম ব্যবহার করে ইমেইল প্রেরণ, ব্লগ লেখা, মৌলিক সাহিত্য সৃষ্টি ইত্যাদি বিষয়ে দক্ষতা অর্জিত হবে।

AEC-MIL-1:**ব্যবহারিক বাংলা — ১**

এই এককটি প্রথম ষণ্মাসের বাংলা মাতৃভাষার সকল শিক্ষার্থীদের জন্য। এই এককটি পাঠে যুব সমাজের নবচেতনা এবং ভাষাবোধ, মূল্যবোধ, সম্প্রীতিবোধ ইত্যাদি ধারণা গড়ে উঠবে।

**দ্বিতীয় ষণ্মাস** (Semester II)

MC-3: **বাংলা সাহিত্যের প্রবেশক পাঠ**

এই এককে বাংলা সাহিত্যের তিনটি যুগের থেকে নির্বাচিত কবিতা, নাটক, কথাসাহিত্যের পাঠদান করা হয়। এই এককটি পাঠের মাধ্যমে শিক্ষার্থী মূলানুগ পাঠে বাংলা সাহিত্যের বিভিন্ন যুগের সাহিত্য সম্পর্কে ধারণা পাবে।

MC-4: **মধ্যযুগের সাহিত্য ও অলংকার**

এই এককটিতে বাংলা সাহিত্যের মধ্য যুগের দুটি প্রতিনিধি স্থানীয় কাব্য রামায়ণ এবং চণ্ডিকামঙ্গল কাব্যের পাঠদান করা হয়। এই পাঠে একটি কাব্যের সম্পূর্ণ পাঠের মাধ্যমে মধ্যযুগীয় সাহিত্যের সম্যক ধারণা পাবে। অলংকারের পাঠে শিক্ষার্থী কাব্য নির্মাণের একটি কৌশল বিষয়ে অবগত হবে। তবে এই অলংকার কাব্যতত্ত্ব নয়, কেবল অলংকারের বিভিন্ন স্বরূপ বা ধারার পাঠ।

MnC-2: **বাংলা সাহিত্যের ইতিহাস ও সাহিত্য পাঠ**

এই এককটি মেজর বাংলা বিষয় ব্যতীত অন্যান্য মেজর বিষয়ের শিক্ষার্থীদের দ্বিতীয় মাইনর বিষয়  এই এককে সাহিত্যের ইতিহাস কাকে বলে, বাংলা সাহিত্যের জন্মের দেশ-কাল-প্রেক্ষিত সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়া হয়। সাহিত্যের যুগ বিভাজন এবং প্রতিটি যুগের বিশেষত্ব সম্পর্কে ধারণা দেওয়া হয়।

### MDC-2: বাংলা সাহিত্য ও চলচ্চিত্র

এই এককটি মেজর বাংলা বিষয় ব্যতীত অন্যান্য মেজর বিষয়ের শিক্ষার্থীদের জন্য। এই এককটি পাঠ করলে আমাদের প্রচলিত জীবনে বিনোদন হিসেবে দেখা চলচ্চিত্রের বিশ্লেষণ ও আস্বাদনে নতুন মাত্রা যুক্ত হবে। এই এককে চলচ্চিত্রের কিছু পরিভাষা, নির্বাচিত চলচ্চিত্রের সমালোচনা এবং বাংলা চলচ্চিত্রের ইতিহাসের পাঠদান করা হয়।

### AEC-MIL-2: ব্যবহারিক বাংলা - ২

এই এককটি পাঠে অনুবাদের তত্ত্ব, শ্রেণি সম্পর্কে ধারণা পাবে। স্নাতক শ্রেণির শিক্ষার্থীর নিকট বাংলা শব্দের সঠিক বানান, সঠিক মান্য উচ্চারণ প্রত্যাশিত এবং বিশেষ পরিভাষা সম্পর্কেও জ্ঞান থাকা আবশ্যক — এই এককে সেই বিষয়গুলির পাঠদান করা হবে।

### SEC-2: ব্যবহারিক বাংলা

এই এককে শিক্ষার্থীদের মঞ্চের পাঠদান করা হয়। আবৃত্তি, মঞ্চ সঞ্চালনা, গল্পকে পাঠের মাধ্যমে উপস্থাপন এবং দলগতভাবে শ্রুতি নাটক বা নাটকের অভিনয়ের পাঠদান করা হয়। শিক্ষার্থীদের সকলের সামনে উপস্থাপনের দক্ষতাকে প্রাধান্য দেওয়া হয়।

## তৃতীয় ষণ্মাস (Semester III)

### MC-5: ছন্দ, ইমেজারি ও কবিতা আন্দোলন

এই এককটি পাঠে বাংলা ছন্দের শৈলী সম্পর্কে অবগত হবে। বাংলা কবিতার ইতিহাসে বিভিন্ন সময়ে পত্রিকা বা কোন আদর্শকে কেন্দ্র করে কবিতার ভাষা-ভাব-শৈলীতে আন্দোলন তথা নতুন প্রবণতার ধারা সৃষ্টি হয়েছে। এই ধারার পরিচয় থেকে কবিতার বিবর্তন সম্পর্কে অবগত হতে পারবে।

### MC-6: বাংলা সাহিত্যের ইতিহাসঃ উনিশ শতক

এই এককটি পাঠে বাংলা সাহিত্যে ও সমাজে উনিশ শতক তথা আধুনিকতার উন্মেষ কীভাবে হল এবং আধুনিকতার বিভিন্ন মাত্রা বিষয়ে অবগত হতে পারবে। এই শতকে বাংলা সাহিত্য মধ্যযুগের কবিতা থেকে গদ্য-নাটক-কথাসাহিত্য-রঙ্গমঞ্চ সহ অন্যান্য ধারার সঙ্গে পরিচিত হতে পারবে।

### MDC-3: বাংলা সাহিত্যের ইতিহাসঃ উনিশ-বিশ শতক

এই এককটি মেজর বাংলা ব্যতীত অন্য মেজর বিভাগের শিক্ষার্থীদের জন্য। এই এককটি পাঠ করলে শিক্ষার্থীরা আধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে সম্যক পরিচিত হবে।

### MnC-03: ভাষাতত্ত্ব

এই এককটি মাইনর বাংলা প্রথম পছন্দ হিসেবে নিয়েছে তাদের জন্য। এই এককটি পাঠে বাংলা ভাষার উদ্ভব, বাংলা লিপির বিবর্তন, বাংলা ধ্বনির পরিচয় জানবে। নির্বাচিত কবিতা পাঠে বাংলা সাহিত্যের বিভিন্ন যুগের সাহিত্যের সম্পর্কে অবগত হতে পারবে। কথাসাহিত্য থেকে নির্বাচিত গল্প পাঠে আধুনিক সাহিত্যের একটি ধারণা পাবে।

### SEC-3: ভাষা সমীক্ষা ও সম্পাদনা রীতি-নীতি

এই এককটি পাঠে সমাজে প্রচলিত ভাষার সমীক্ষা কীভাবে হয় এবং কলেজের শিক্ষার্থীরা যেসব অঞ্চল থেকে আসে তাদের নিজেদের ব্যবহৃত ভাষার সমীক্ষা করবে। গ্রন্থ এবং পত্রিকা কীভাবে সম্পাদনা করতে হয় তার প্রশিক্ষণ দেওয়া হবে।

## চতুর্থ ষণ্মাস (Semester IV)

**MC-7: উনিশ শতকের সাহিত্য (নির্বাচিত কাব্য-কবিতা)**

এই এককটিতে কবিতার বিভিন্ন সংরূপের পরিচয়ের পাঠদান করা হবে। উনিশ শতকের নির্বাচিত কবিতা ও কাব্যের পাঠের মাধ্যমে আধুনিক সাহিত্যের স্বরূপ ও সংরূপের পরিচয় জানবে।

**MC-8: উনিশ শতকের সাহিত্য (নাটক ও প্রহসন)**

নাটকের সংরূপ এবং উনিশ শতকের নির্বাচিত নাটক পাঠের মাধ্যমে নাট্যবোধ গড়ে উঠবে।

**MC-9: উনিশ শতকের সাহিত্য (নকশা, উপন্যাস)**

এই এককটি পাঠে বাংলা কথাসাহিত্যের সংরূপ সম্পর্কে সম্যক ধারণা পাবে। নির্বাচিত কথাসাহিত্যের পাঠের মাধ্যমে উনিশ শতকের বাংলা সাহিত্য বিষয়ে ধারণা অর্জন করবে।

**MnC-4: ভাষাতত্ত্ব**

এই এককটি মাইনর বাংলা প্রথম পছন্দ হিসেবে নিয়েছে তাদের জন্য। এই এককটি পাঠে বাংলা ভাষার উদ্ভব, বাংলা লিপির বিবর্তন, বাংলা ধ্বনির পরিচয় জানবে। নির্বাচিত কবিতা পাঠে বাংলা সাহিত্যের বিভিন্ন যুগের সাহিত্যের সম্পর্কে অবগত হতে পারবে। কথাসাহিত্য থেকে নির্বাচিত গল্প পাঠে আধুনিক সাহিত্যের একটি ধারণা পাবে।

## COURSE OUT COME

বাংলা মেজর এবং মাইনর পাঠের ভবিষ্যৎ সম্ভাবনা উজ্জ্বল। আঞ্চলিক ভাষা হিসেবে বাংলা ভাষা অন্যান্য ভারতীয় ভাষা থেকে পিছিয়ে নেই। সংবিধানে বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার মর্যাদা দিয়েছে এবং NEP 2020 শিক্ষানীতিতে আঞ্চলিক ভাষায় পাঠদানকে গুরুত্ব দেওয়া হয়েছে। বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক হওয়ার পর সব ধরণের চাকুরির পরীক্ষায় বিশেষ সুবিধা পাওয়া যাবে। বাংলা ভাষা সাহিত্যের বোধ গড়ে দেয় যা পৃথিবীর অন্য সব ভাষার সমতুল্য। শিক্ষার্থীদের মানবিক-বৌদ্ধিক-আধ্যাত্মিক-নৈতিক চরিত্র বিকাশ ঘটাবে।